



খেলাধুলা

মেলবোর্ন রেনেগেডসের হয়ে  
বিগ ব্যাশ মাতাবেন মুস্তাফিজ

পৃষ্ঠা >>

১০

নগর-মহানগর

ডেঙ্গু প্রতিরোধে নভেম্বর পর্যন্ত সর্বোচ্চ  
সতর্ক থাকতে হবে - ডা. শাহাদাত

পৃষ্ঠা >>

৬

বিশ্ব বার্তা

৪ দিনের ইসরায়েলি অভিযানে ২  
হাজার ৬৪৯ ফিলিস্তিনি বাস্তুচ্যুত

পৃষ্ঠা >>

৫

বিনোদন

কিংবদন্তীদের গান  
দিঠি'র কণ্ঠে

পৃষ্ঠা >>

১০

www.amarbartta.com.bd

বর্ষ ১৩ ॥ সংখ্যা ২৪৮

রেজি. নং ডিএ-৬২৭৬

১২ পৃষ্ঠা ১০ টাকা

নবায়নযোগ্য জ্বালানি  
খাতে জাপানি  
বিনিয়োগ বৃদ্ধির  
আহ্বান প্রধানমন্ত্রীর

নিজস্ব প্রতিবেদক

প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন বাণিজ্য ও অর্থনৈতিক সহযোগিতা কমিটির (জেবিসিসিইসি) সভাপতি এবং জাপানের শীর্ষস্থানীয় প্রতিষ্ঠান মারুবেনি করপোরেশনের চেয়ারম্যান মাসুমি কাকিনোকি।  
সোমবার জাপানের স্থানীয় সময় বিকেল ৩টা ৪৫ মিনিটে এ সৌজন্য সাক্ষাৎ অনুষ্ঠিত হয়।  
এ সময় বাংলাদেশ ও জাপানের মধ্যে বাণিজ্য ও অর্থনৈতিক সহযোগিতা জোরদারের মাসুমি কাকিনোকির নেতৃত্বের প্রশংসা

● পৃষ্ঠা-১১ কলাম ১



টোকিওর ইম্পেরিয়াল হোটেলে জেবিসিসিইসি সভাপতি ও মারুবেনি করপোরেশনের চেয়ারম্যান মাসুমি কাকিনোকির সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন প্রধানমন্ত্রী তারেক রহমান

বাংলাদেশের উন্নয়ন অগ্রাধিকার বাস্তবায়নে জাপানের সহযোগিতা অব্যাহত রাখার আহ্বান

বাংলাদেশে ৬৩৫ কোটি ডলারের বেসরকারি  
বিনিয়োগের উদ্যোগ জাপানের

নিজস্ব প্রতিবেদক

বাংলাদেশে আগামী পাঁচ বছরে ১ লাখ কোটি ইয়েন বা প্রায় ৬৩৫ কোটি মার্কিন ডলারের বেসরকারি বিনিয়োগের ব্যবস্থা করার উদ্যোগ নিয়েছে জাপান। দেশটির সংবাদমাধ্যম নিক্কেই এশিয়া গত ২২ অক্টোবর প্রকাশিত এক প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে।  
চার দিনের সরকারি সফরে গতকাল সোমবার সকালে টোকিও পৌঁছেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। জাপানের প্রধানমন্ত্রী সানায়ে তাকাইচির আমন্ত্রণে ২৬ থেকে ২৯ অক্টোবর পর্যন্ত এ সফরে



দুই দেশের কৌশলগত অংশীদারত্ব জোরদার, বাণিজ্য সম্প্রসারণ এবং জাপানি বিনিয়োগ আকর্ষণ বিশেষ গুরুত্ব পাবে। জাপানের

সংবাদমাধ্যম নিক্কেই এশিয়ার প্রতিবেদনে বলা হয়েছে, আগামী পাঁচ বছরে বাংলাদেশে ১ লাখ কোটি ইয়েনের বেসরকারি বিনিয়োগের ব্যবস্থা করার বিষয়ে সম্মত হতে পারে জাপান। এ উদ্যোগের আওতায় গাড়ি ও অন্যান্য উৎপাদনশীল এবং জ্বালানি অবকাঠামো নির্মাণে বিনিয়োগের সম্ভাবনা রয়েছে।  
বাংলাদেশে জাপানের সংশ্লিষ্টতায় গড়ে ওঠা বিশেষ অর্থনৈতিক অঞ্চলে বিনিয়োগকারী প্রতিষ্ঠানগুলোর অংশগ্রহণও এ পরিকল্পনায় অন্তর্ভুক্ত হতে পারে বলে আশা করা হচ্ছে।  
● পৃষ্ঠা-১১ কলাম ২

ভারত ট্রান্সশিপমেন্ট বন্ধ করায়  
ক্ষতিগ্রস্ত হচ্ছে রপ্তানি বাণিজ্য

নিজস্ব প্রতিবেদক

এনবিআরের নীতিতে জটিলতা, বন্দরে আটকে আছে পণ্য

- ▶ ভারতের ট্রান্সশিপমেন্ট বন্ধে রপ্তানিতে প্রভাব
- ▶ যুক্তরাষ্ট্রের বাজারে বাংলাদেশ
- ▶ রপ্তানি বাড়তে প্রশিক্ষণ প্রতিষ্ঠান গড়ে তোলা এবং দক্ষ জনবল তৈরির ওপরও গুরুত্ব দেয়া

গতকাল সোমবার রাজধানীর বনানী ক্লাবে বাংলাদেশ প্যাকেজিং অ্যান্ড অ্যাক্সেসরিজ ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশনের (বিপিএএমইএ) উদ্যোগে আয়োজিত তিন দিনব্যাপী আন্তর্জাতিক প্রশিক্ষণ কর্মসূচির সমাপনী অনুষ্ঠানে দেওয়া বক্তব্যে তিনি এসব কথা বলেন। ফারুক হাসান বলেন, বাংলাদেশের তৈরি পোশাকশিল্প কাঁচামালের জন্য অনেকাংশে আমদানিনির্ভর। দেশে ১

দুই বছরের মধ্যে  
জেলা পর্যায়ে  
রেডিওথেরাপি মেশিন  
স্থাপন-স্বাস্থ্যমন্ত্রী

নিজস্ব প্রতিবেদক

দুই বছরের মধ্যে জেলা পর্যায়ে রেডিওথেরাপি মেশিন স্থাপন: স্বাস্থ্যমন্ত্রী চাকায় ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের অডিটোরিয়ামে 'মেডিকেল ফিজিক্স প্রোগ্রাম'-এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন। ছবি: সোমবার, ২৬ অক্টোবর ২০২৬।  
ছবি: পিআইডি  
ক্যানসারের চিকিৎসা সম্প্রসারণে দুই বছরের মধ্যে জেলা পর্যায়ে

ক্রসফায়ার নিয়ে আইজিপি  
শাসনের প্রতি চরম অবজ্ঞার প্রকাশ

নিজস্ব প্রতিবেদক

'সরকারের অনুমতি পেলে আইনশৃঙ্খলা রক্ষায় ক্রসফায়ার করবে'- আইজিপি এমন বক্তব্য প্রত্যাখ্যান, নির্গত ক্ষমা প্রার্থনা ও জবাবদিহি নিশ্চিতের দাবি জানিয়েছে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)। সংস্থাটি বলেছে, আইনশৃঙ্খলা রক্ষায় বর্ধ্যতা ও প্রাতিষ্ঠানিক দুর্বলতা মোকাবিলায় পরিবর্তে বিচারবহির্ভূত হত্যাকে অপরাধ দমনের গ্রহণযোগ্য হাতিয়ার হিসেবে প্রতিষ্ঠার বিপজ্জনক বার্তা দিচ্ছে এ বক্তব্য। সোমবার (২৬ অক্টোবর) এক বিজ্ঞপ্তিতে এ নিন্দা ও উদ্বেগ জানায় টিআইবি। সংস্থারটির মতে, আইজিপি ও বক্তব্য সংবিধান ও আইনের শাসনের প্রতি চরম অবজ্ঞার প্রকাশ। এ বিষয়ে সরকারের কাছে আনুষ্ঠানিক ব্যাখ্যা গ্রহণ, আইজিপি প্রশাসনিক জবাবদিহি নিশ্চিত এবং জবাবদিহি নিশ্চিত না হওয়া পর্যন্ত তাকে দায়িত্ব থেকে অপসারণের আহ্বান জানিয়েছে সংস্থাটি। বিজ্ঞপ্তিতে টিআইবির নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান বলেন, 'আইনশৃঙ্খলা রক্ষায় নিজেদের



যুদ্ধের ধাক্কায় ইউরোপে গ্যাসের  
দাম চার বছরের মধ্যে সর্বোচ্চ

নিজস্ব প্রতিবেদক

মধ্যপ্রাচ্যে চলমান সংঘাতের প্রভাবে সরবরাহ বিঘ্নিত হওয়ার আশঙ্কায় ইউরোপে প্রাকৃতিক গ্যাসের দাম বেড়ে ২০২২ সালের ডিসেম্বরের পর সর্বোচ্চ পর্যায়ে পৌঁছেছে।  
শীত মৌসুমের আগে জ্বালানির সরবরাহ নিয়ে উদ্বেগ বাড়তে থাকায় বাজারে অস্থিরতা তৈরি হয়েছে। এর সঙ্গে যুক্ত হয়েছে ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) গ্যাস মজুতের নিম্ন হার, যা পরিস্থিতিতে আরও ঝুঁকিপূর্ণ করে তুলেছে। সোমবার প্রকাশিত বাজারদরের তথ্য অনুযায়ী, ইউরোপে প্রাকৃতিক গ্যাসের ফিউচার মূল্য ৩ দশমিক ৩ শতাংশ বেড়ে প্রতি মেগাওয়াট-ঘণ্টায় ৯.৭ দশমিক ১৫ ইউরোতে দাঁড়িয়েছে।  
গ্রিনিচ মান সময় (জিএমটি) সকাল ৮টা ২০ মিনিটে (বাংলাদেশ সময় দুপুর ১টা ২০ মিনিট) এ দর রেকর্ড করা হয়। আগের স্তরবাদের বাজারদরের তুলনায় এ বৃদ্ধি গ্যাসের দামকে

● পৃষ্ঠা-১১ কলাম ৩

পে স্কেলের দাবিতে  
আন্দোলনে নামছেন  
এমপিওভুক্ত শিক্ষকরা

নিজস্ব প্রতিবেদক

নতুন পে স্কেলের প্রজ্ঞাপনসহ কয়েকটি দাবিতে আন্দোলনে নামছেন বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে কর্মরত এমপিওভুক্ত শিক্ষকরা। আগামী ৪ নভেম্বর অবস্থান কর্মসূচির মাধ্যমে আন্দোলন শুরু হবে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে।  
তাদের দাবিগুলোর মধ্যে রয়েছে এমপিওভুক্ত শিক্ষকদের জন্য পে স্কেলের পৃথক প্রজ্ঞাপন দ্রুত সময়ের মধ্যে প্রকাশ, বদলি এবং আদায় ঈদে শতভাগ উৎসব ভাতা প্রদান।  
গতকাল সোমবার এমপিওভুক্ত শিক্ষা জাতীয়করণ প্রত্যাশী জোটের সদস্যসচিব অধ্যক্ষ দেলাওয়ার

● পৃষ্ঠা-১১ কলাম ৩

যুদ্ধের কারণে ফ্লাইট বিপর্যয়  
আকামার মেয়াদ শেষ  
হলেও সৌদিতে প্রবেশের  
সুযোগ পাবেন প্রবাসীরা

নিজস্ব প্রতিবেদক

যুদ্ধ পরিস্থিতিতে ফ্লাইট বিপর্যয়ের কারণে নির্ধারিত সময়ে সৌদি আরবে পৌঁছাতে না পেরে আকামার মেয়াদ শেষ হওয়া বাংলাদেশি কর্মীরা পুনরায় দেশটিতে প্রবেশের সুযোগ পাবেন। এরপর ইলেকট্রনিক সিস্টেমে স্বয়ংক্রিয় এন্ট্রির মাধ্যমে তাদের প্রবেশের অনুমতি দেওয়া হবে বলে জানিয়েছেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী আরিফুল হক চৌধুরী।  
সোমবার (২৬ অক্টোবর) দুপুরে রাজধানীর ইস্কটনে বিয়াম ফাউন্ডেশন অডিটোরিয়ামে আয়োজিত এক

● পৃষ্ঠা-১১ কলাম ৩

খাদ্যশস্য সংরক্ষণ ব্যবস্থার উন্নয়নে পাকিস্তানের  
অভিজ্ঞতা বাংলাদেশের জন্য গুরুত্বপূর্ণ : খাদ্যমন্ত্রী

পৃষ্ঠা >>



গতকাল সোমবার রাজধানীর ইস্কটনে বিয়াম ফাউন্ডেশন অডিটোরিয়ামে আয়োজিত এক আলোচনা সভায় ইলেকট্রনিক সিস্টেমে স্বয়ংক্রিয় এন্ট্রির মাধ্যমে তাদের প্রবেশের অনুমতি দেয়া হবে বলে জানিয়েছেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী আরিফুল হক চৌধুরী

-আমার বার্তা

সাংবাদিকরা মাদক থেকে  
যখন টাকা পাচ্ছেন না  
তখন লিখছেন পুলিশ  
অকার্যকর: আইজিপি

নিজস্ব প্রতিবেদক

মাদক ব্যবসা ও অপরাধমূলক কর্মকাণ্ড থেকে আনৈতিক সুবিধা বা টাকা না পেলেই সাংবাদিকদের একাধে 'পুলিশ অকার্যকর' বলে সংবাদ প্রকাশ করেন বলে মন্তব্য করেছেন পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) মো. আলী হোসেন ফকির। তিনি বলেন, মাদকের বিরুদ্ধে অপদার্য কথা বলছেন না, সেখানে থেকে গোপন টাকা নিচ্ছেন। সাংবাদিক সাহেবরা সেখান থেকে যখন পয়সা পান না, তখন লিখছেন, এ দেশে পুলিশ

● পৃষ্ঠা-১১ কলাম ৪



গতকাল সোমবার ঠাকুরগাঁও-১ আসনের উপনির্বাচন সূত্রে, শান্তিপূর্ণ ও নিরাপদ করতে বর্ডার গার্ড বাংলাদেশের (বিজিবি) ২১ প্রাটিন সদস্য মোতায়েন করা হয়েছে

-আমার বার্তা

উপনির্বাচনের  
আগে ঠাকুরগাঁওয়ে  
২১ প্রাটিন বিজিবি  
মোতায়েন

নিজস্ব প্রতিবেদক

গতকাল সোমবার (২৬ অক্টোবর) সকাল সাড়ে ১০টায় ঠাকুরগাঁও বিজিবি সেক্টর কমান্ডার কর্নেল মো. সুরজ মিয়া সাংবাদিকদের এ তথ্য জানান।  
কর্নেল সুরজ বলেন, গত ২৫ অক্টোবর থেকে নির্বাচন এলাকায় বিজিবি সদস্য মোতায়েন করা হয়েছে। তিনটি উপজেলার ২২টি ইউনিয়ন ও একটি পৌরসভায় মোট ২১ প্রাটিন বিজিবি সদস্য দায়িত্ব পালন করছেন। বিজিবি সদস্যরা

● পৃষ্ঠা-১১ কলাম ৪

স্বরাষ্ট্রমন্ত্রী ও জ্বালানিমন্ত্রীর  
পদত্যাগের দাবিতে শাহবাগে  
গণবিক্ষোভ করবে এনসিপি

আমার বার্তা ডেস্ক

দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি ও জ্বালানি খাতে বিপর্যয়ের অভিযোগ তুলে স্বরাষ্ট্রমন্ত্রী ও জ্বালানিমন্ত্রীর পদত্যাগ দাবি করেছে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)। এ দাবিতে রাজধানীর শাহবাগে গণবিক্ষোভ কর্মসূচি পালনের ঘোষণা দিয়েছে দলটি। গতকাল সোমবার (২৬ অক্টোবর) বেলা সাড়ে ১১টায় মূলীগঞ্জে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ কর্মসূচির ঘোষণা দেন এনসিপির আহ্বায়ক ও সংসদ সদস্য নাহিদ ইসলাম। দেশের সার্বিক নিরাপত্তা পরিস্থিতি নিয়ে উদ্বেগ প্রকাশ করে নাহিদ ইসলাম বলেন, 'দেশের কেকা ও মানুষের নিরাপত্তা

● পৃষ্ঠা-১১ কলাম ৪

এনসিপির ডায়ালগে উপকমিটিতে নতুন  
দায়িত্বে আসিফ মাহমুদ, মনিরা শারমিন

পৃষ্ঠা >>

যুবদের ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী আজ  
দুদিনের বর্ণাঢ্য  
কর্মসূচি ঘোষণা

আমার বার্তা ডেস্ক

বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদলের ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী আজ ২৭ অক্টোবর। ১৯৭৮ সালের এই দিনে দেশের তরুণ ও যুবসমাজকে সুসংগঠিত করে রাষ্ট্র পরিচালনা এবং উৎপাদনমুখী কর্মকাণ্ডে নিয়োজিত করার লক্ষ্যে বাংলাদেশ জাতীয়তাবাদী দলের (বিএনপি) প্রতিষ্ঠাতা ও তৎকালীন রাষ্ট্রপতি জিয়াউর রহমান সংগঠনটি প্রতিষ্ঠা করেন।  
প্রতিষ্ঠাকালে সংগঠনটির প্রথম আহ্বায়ক ছিলেন আবুল কাশেম (মিনি পরবর্তীতে প্রতিষ্ঠাতা সভাপতি হন) এবং প্রথম সাধারণ সম্পাদক ছিলেন সাইফুর রহমান।  
● পৃষ্ঠা-১১ কলাম ৪

| নামাজের সময়সূচি         |               |
|--------------------------|---------------|
| মঙ্গলবার ২৭ অক্টোবর ২০২৬ |               |
| নামাজ                    | ওয়াক্ত শুরু  |
| ফজর                      | ০৪:৪৮         |
| যোহর                     | ১১:৪৬         |
| আসর                      | ০৩:৪৮         |
| মাগরিব                   | ০৫:২৮         |
| এশা                      | ০৬:৪২         |
| আজ সূর্যাস্ত             | কাল সূর্যোদয় |
| ৫:২৮                     | ৬:০১          |

এবার সিঙ্গাপুরে তেলের মজুদ  
গড়বে সৌদি আরামকো

নিজস্ব প্রতিবেদক

মধ্যপ্রাচ্যে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের সঙ্গে ইরানের যুদ্ধের জেরে বৈশ্বিক জ্বালানি সরবরাহ নিয়ে উদ্বেগ বাড়ছে। গুরুত্বপূর্ণ সমুদ্রপথে বাণিজ্যিক জাহাজ চলাচলে বিঘ্ন এবং জাহাজে হামলার ঝুঁকির মধ্যে সরবরাহব্যবস্থা আরও স্থিতিশীল করতে সিঙ্গাপুরে অপরিশোধিত তেল মজুত করার উদ্যোগ নিয়েছে সৌদি আরবের রাষ্ট্রায়ত্ত্ব তেল কোম্পানি সৌদি আরামকো। সৌদি আরব ও সিঙ্গাপুরের জ্বালানিমন্ত্রী জানিয়েছেন, ২০২৭ সালের দ্বিতীয়ার্ধ থেকে সিঙ্গাপুরে অপরিশোধিত তেল মজুত শুরু করা হবে আরামকো। আঞ্চলিক পর্যায়ে কোম্পানিটির সরবরাহব্যবস্থার সক্ষমতা ও স্থিতিশীলতা বাড়ানোই এ উদ্যোগের মূল লক্ষ্য।  
গত ২৮ ফেব্রুয়ারি শুরু হওয়া যুক্তরাষ্ট্র-ইসরায়েলের সঙ্গে ইরানের যুদ্ধের প্রভাব এখনও আন্তর্জাতিক বাণিজ্য



● পৃষ্ঠা-১১ কলাম ৫

ডেঙ্গুতে আরো ৫  
জনের মৃত্যু

হাসপাতালে ভর্তি ২২১৮  
নিজস্ব প্রতিবেদক

হাসপাতালে ভর্তি রোগীর মধ্যে বরিশাল বিভাগে ২৩২ জন, চট্টগ্রাম বিভাগে ২৪০ জন, ঢাকা বিভাগে ৯৮২ জন, খুলনা বিভাগে ২৮৪ জন, ময়মনসিংহ বিভাগে ১১২ জন, রাজশাহী বিভাগে ২৪৬ জন, রংপুর বিভাগে ২৪৬ জন এবং সিলেট বিভাগে ৪০ জন রয়েছেন দেশে গত ২৪ ঘণ্টায় ডেঙ্গুতে আরো পাঁচ জনের মৃত্যু হয়েছে। একই সময়ে নতুন করে ডেঙ্গু আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন ২২১৮ জন। সোমবার (২৬ অক্টোবর) দুপুরে রাজধানীর

● পৃষ্ঠা-১১ কলাম ৫

৭ নভেম্বরের চেতনা অগণতান্ত্রিক শক্তির বিরুদ্ধে  
জনগণকে ঐক্যবদ্ধ করবে : রুহুল কবির রিজভী

নিজস্ব প্রতিবেদক

বাংলাদেশ জাতীয়তাবাদী দলের (বিএনপি) ভারপ্রাপ্ত মহাসচিব অ্যাডভোকেট রুহুল কবির রিজভী বলেছেন, ঐতিহাসিক ৭ নভেম্বরের চেতনা ভবিষ্যতে যেকোনো অগণতান্ত্রিক শক্তির বিরুদ্ধে জনগণকে ঐক্যবদ্ধ করবে। এটা স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষার অঙ্গীকারকে আরও দৃঢ় করবে।  
গতকাল রাজধানীর নয়্যাপটনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে জাতীয় বিপ্লব ও সংহতি দিবসকে সামনে রেখে



বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব অ্যাডভোকেট রুহুল কবির রিজভী গতকাল রাজধানীর নয়্যাপটনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে দলের প্রগতিমূলক যৌথসভা শেষে কথা বলেন

● পৃষ্ঠা-১১ কলাম ৫

হাম উপসর্গে  
আরও ৬ মৃত্যু  
আক্রান্ত ১,৪৬৬

নিজস্ব প্রতিবেদক

দেশে গতকাল সোমবার সকাল ৮টা পর্যন্ত গত ২৪ ঘণ্টায় হামের উপসর্গ নিয়ে ৬ শিশুর মৃত্যু হয়েছে। এই সময়ে হাম ও হামের উপসর্গ নিয়ে আক্রান্ত হয়েছে ১ হাজার ৪৬৬ শিশু। সোমবার (২৬ অক্টোবর) বিকেলে স্বাস্থ্য অধিদপ্তরের হাম-বিশয়ক হালনাগাদ প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে।  
বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, গত ২৪ ঘণ্টায় দেশে হামের উপসর্গ নিয়ে আরও ৬ শিশুর মৃত্যু হয়েছে। তবে নিশ্চিতভাবে হামে আক্রান্ত হয়ে

● পৃষ্ঠা-১১ কলাম ৫